

# সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৮১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৬৬]

২১/ याकां (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ৯৩০. স্বামী ও পোষ্য ইয়াতীমকে যাকাত দেওয়া। এ প্রসঙ্গে নবী (ﷺ) থেকে আবূ সা'ঈদ (রাঃ) হাদীস বর্ণনা করেছেন।

باب الزَّكَاةِ عَلَى الزَّوْجِ وَالأَيْتَامِ فِي الْحَجْرِ قَالَهُ أَبُو سَعِيدٍ عَنِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

## আরবী

حَدَّثَنَا عُمَرُ بْنُ حَفْصٍ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا الأَعْمَشُ، قَالَ حَدَّثَنِي شَقِيقٌ، عَنْ عَمْرِو بْنِ الْحَارِثِ، عَنْ زَيْنَبَ، امْرَأَةِ عَبْدِ اللَّهِ - رضى الله عنهما - قَالَ فَذَكَرْتُهُ لِإِبْرَاهِيمَ فَحَدَّتَنِي إِبْرَاهِيمُ عَنْ أَبِي عُبَيْدَةَ عَنْ عَمْرِو بْنِ الْحَارِثِ عَنْ زَيْنَبَ امْرَأَةِ عَبْدِ اللَّهِ بِمِثْلِهِ سَوَاءً، قَالَتْ كُنْتُ فِي الْمَسْجِدِ فَرَأَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَ " تَصَدَّقْنَ وَلَوْ مِنْ حُلِيّكُنَ ". وَكَانَتْ زَيْنَبُ تُنْفِقُ عَلَى عَبْدِ اللَّهِ وَأَيْتَامٍ فِي حَجْرِهَا، قَالَ فَقَالَتْ لِعَبْدِ اللّهِ سَلْ حُلِيكُنَ ". وَكَانَتْ زَيْنَبُ تُنْفِقُ عَلَى عَبْدِ اللَّهِ وَأَيْتَامٍ فِي حَجْرِهَا، قَالَ فَقَالَتْ لِعَبْدِ اللّهِ سَلْ رَسُولَ اللّهِ صلى الله عليه وسلم. فَانْطُلَقْتُ إِلَى النَّبِي مِنَ الصَّدَقَةِ فَقَالَ سَلِي أَنْتَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم. فَانْطُلَقْتُ إِلَى النَّبِي مِنَ الصَّدَقَةِ فَقَالَ سَلِي أَنْتَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم. فَانْطُلَقْتُ إِلَى النَّبِي صلى الله عليه وسلم. فَوَجَدْتُ امْرَأَةً مِنَ الأَنْصَارِ عَلَى الْبَابِ، حَاجَتُهَا مِثْلُ حَاجَتِي، صلى الله عليه وسلم. فَانْطُلَقْتُ إِلَى النَّبِي صلى الله عليه وسلم أَيُجْزِي عَنِي أَنْ أُنْفِقَ عَلَى زَوْجِي وَقُلْنَا لاللهِ اللهِ عليه وسلم أَيَجْزِي عَنِي أَنْ أُنْفِقَ عَلَى زَوْجِي وَقُلْنَا لاَ لَا لَهُ عَبْدِ اللَّهِ. قَالَ " مَنْ هُمَا ". قَالَ زَيْنَبُ قَالَ " فَعَمْ لَهَا أَجْرُانِ أَجْرُ الْقَرَابَةِ وَأَجْرُ الصَّدَقَةِ ".

#### বাংলা

১৩৮১। 'উমর ইবনু হাফস ইবনু গিয়াস (রহঃ) ... 'আবদুল্লাহ (ইবনু মাস'উদ) (রাঃ) এর স্ত্রী যায়নাব (রাঃ) থেকে বর্ণিত, (রাবী আ'মাশ (রহঃ) বলেন,) আমি ইবরাহীম (রহঃ) এর সাথে এ হাদীসের আলোচনা করলে তিনি আবূ 'উবায়দা সূত্রে 'আমর ইবনু হারিস (রহঃ) এর মাধ্যমে 'আবদুল্লাহ (রাঃ) এর স্ত্রী যায়নাব (রাঃ) থেকে হুবহু বর্ণনা করেন। তিনি [যায়নাব (রাঃ)] বলেন, আমি মসজিদে ছিলাম। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে দেখলাম তিনি বলছেনঃ তোমরা সাদকা দাও যদিও তোমাদের অলংকার থেকে হয়। যায়নাব (রাঃ) 'আবদুল্লাহ (রাঃ) ও তাঁর পোষ্য ইয়াতীমের প্রতি খরচ করতেন। তখন তিনি আবদুল্লাহকে বললেন, তুমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ



আলাইহি ওয়াসাল্লাম এর নিকট জেনে এসো যে, তোমার প্রতি এবং আমার পোষ্য ইয়াতীমদের প্রতি খরচ করলে আমার পক্ষ থেকে সা'দকা আদায় হবে কি? তিনি [ইবনু মাস'উদ (রাঃ)] বললেন, বরং তুমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট জেনে এসো।

এরপর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গেলাম। তাঁর দরজায় আরো একজন আনসারী মহিলাকে দেখলাম, তার প্রয়োজনও আমার প্রয়োজনের অনুরূপ। তখন বিলাল (রাঃ) কে আমাদের পাশ দিয়ে যেতে দেখে বললাম, আপনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে জিজ্ঞাসা করুন, স্বামী ও আপন (পোষ্য) ইয়াতীমের প্রতি সাদকা করলে কি আমার পক্ষ থেকে তা যথেষ্ট হবে? এবং এ কথাও বলেছিলাম যে, আমাদের কথা জানাবেন না। তিনি প্রবেশ করে তাঁকে জিজ্ঞাসা করলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তারা কে? বিলাল (রাঃ) বললেন যায়নাব। তিনি আবার জিজ্ঞাসা করলেন, কোন যায়নাব? তিনি উত্তর দিলেন, 'আবদুল্লাহর স্ত্রী। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তার জন্য দু'টি সাওয়াব রয়েছে, আত্মীয়কে দেওয়ার সাওয়াব আর সাদকা দেওয়ার সাওয়াব।

### **English**

#### Narrated `Amr bin Al-Harith:

Zainab, the wife of `Abdullah said, "I was in the Mosque and saw the Prophet (p.b.u.h) saying, 'O women! Give alms even from your ornaments.' " Zainab used to provide for `Abdullah and those orphans who were under her protection. So she said to `Abdullah, "Will you ask Allah's Messenger (ﷺ) whether it will be sufficient for me to spend part of the Zakat on you and the orphans who are under my protection?" He replied "Will you yourself ask Allah's Messenger (ﷺ) ?" (Zainab added): So I went to the Prophet and I saw there an Ansari woman who was standing at the door (of the Prophet (ﷺ)) with a similar problem as mine. Bilal passed by us and we asked him, 'Ask the Prophet (ﷺ) whether it is permissible for me to spend (the Zakat) on my husband and the orphans under my protection.' And we requested Bilal not to inform the Prophet (ﷺ) about us. So Bilal went inside and asked the Prophet (ﷺ) regarding our problem. The Prophet (p.b.u.h) asked, "Who are those two?" Bilal replied that she was Zainab. The Prophet (ﷺ) said, "Which Zainab?" Bilal said, "The wife of `Abdullah (bin Mas`ud)." The Prophet said, "Yes, (it is sufficient for her) and she will receive a double rewards (for that): One for helping relatives, and the other for giving Zakat."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ যায়নাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন